



## দেশীয় প্রযুক্তির বৈদ্যুতিক গাড়ি চালালেন প্রধানমন্ত্রী



ছবি: সংগৃহীত

দেশীয় প্রযুক্তিতে তৈরি বৈদ্যুতিক যানবাহন পরিদর্শন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এ সময় তিনি একটি এসইউভি ও একটি ইলেকট্রিক কাভার্ড ভ্যান নিজে চালিয়ে দেখেন এবং নির্মাতাদের উদ্যোগের প্রশংসা করেন।

শনিবার (২৩ মে) সকালে রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাংলাদেশ অটো ইন্ডাস্ট্রিজ লিমিটেডের তৈরি একাধিক ইভি প্রদর্শন করা হয়। সেখানে এসইউভি, কাভার্ড ভ্যান, ট্রাক, অটোরিকশা ও মোটরসাইকেলসহ বিভিন্ন যান রাখা হয়।

নির্মাতা প্রতিষ্ঠান জানায়, তাদের তৈরি এসব ইলেকট্রিক যান সম্পূর্ণ ব্যাটারিচালিত ও পরিবেশবান্ধব। এগুলোতে জ্বালানি তেলের প্রয়োজন নেই এবং বিদ্যুৎ খরচও তুলনামূলকভাবে কম। একই সঙ্গে সাধারণ মানুষের নাগালে রাখতে দাম কম রাখার চেষ্টা করা হয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, মান ও নিরাপত্তা নিশ্চিত করে দেশীয়ভাবে বৈদ্যুতিক যান উৎপাদন করা গেলে সরকার প্রয়োজনীয় সহায়তা দেবে। পরে তিনি নির্মাতা প্রতিষ্ঠানের চেয়ারম্যান এ মান্নান হোসেন খান ও ব্যবস্থাপনা পরিচালক মীর মাসুদ কবিরের সঙ্গে বৈঠক করেন এবং ইভির বাজার সম্ভাবনা নিয়ে আলোচনা করেন।

প্রতিষ্ঠানটির পক্ষ থেকে জানানো হয়, গাড়িগুলো ইউরোপীয় মান অনুসরণ করে তৈরি করা হয়েছে। এসইউভি একবার চার্জে ৪৫০ কিলোমিটারের বেশি চলতে পারে এবং ফাস্ট চার্জিংয়ে প্রায় আধা ঘণ্টায় চার্জ সম্পন্ন হয়। অন্যদিকে ট্রাক ও কাভার্ড ভ্যান একবার চার্জে প্রায় ২০০ কিলোমিটার চলতে সক্ষম। এ সময় প্রধানমন্ত্রীর উপদেষ্টা, প্রতিমন্ত্রী ও উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।